

নথি নং- ১৪.৩১.০০০০.২১১.০২৪.০৬.১৪-৩৫৯

তারিখঃ ১৬.০৪.১৪২৬ বং/ ৩১.০৭.২০১৯ খ্রিঃ।

প্রাপকঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- | | |
|--|---|
| ১। জনাব জাহেদা সাত্তার
পোস্টমাস্টার জেনারেল
মেট্রোপলিটন সার্কেল, ঢাকা। | ২। জনাব আবদুল্লাহ আল মাহবুবুর রশীদ
পোস্টমাস্টার জেনারেল
কেন্দ্রীয় সার্কেল, ঢাকা। |
| ৩। জনাব মোঃ সিরাজ উদ্দিন
অধ্যক্ষ
পোস্টাল একাডেমী, রাজশাহী। | ৪। জনাব মোহাঃ শফিকুল আলম
পোস্টমাস্টার জেনারেল
উত্তরাঞ্চল, রাজশাহী। |
| ৫। জনাব আনন্দ মোহন দত্ত
পোস্টমাস্টার জেনারেল
পূর্বাঞ্চল, চট্টগ্রাম। | ৬। জনাব মোঃ শামসুল আলম
জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব)
ডাক জীবন বীমা, পশ্চিমাঞ্চল, রংপুর। |
| ৭। জনাব মোহাম্মাদ শহিদুল ইসলাম
জেনারেল ম্যানেজার
ডাক জীবন বীমা, পূর্বাঞ্চল, ঢাকা। | ৮। জনাব তরুন কান্তি সিকদার
পোস্টমাস্টার জেনারেল
দক্ষিণাঞ্চল, খুলনা। |
| ৯। জনাব উৎপল কুমার দত্ত
প্রেস ম্যানেজার
পোস্টাল প্রিন্টিং প্রেস, টংগী, গাজীপুর। | ১০। জনাব মোঃ মোরশেদ আলম
প্রশাসনিক কর্মকর্তা
ডাক অধিদপ্তর, ঢাকা। |
| ১১। জনাব শাকিল আহমেদ চৌধুরী
সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস)
সহকারী নিয়ন্ত্রক (স্ট্যাম্পস) এর কার্যালয়
ডাক ভবন, ঢাকা। | ১২। জনাব সাদিয়া আফরিন বৃষ্টি
সহকারী পরিচালক
আইপিএ অফিস, ডাক ভবন, ঢাকা। |

বিষয়ঃ “জুনিয়র হিসাবরক্ষক” পদে বিভাগীয় কোটায় পদোন্নতির জন্য একাউন্টস সার্ভিস পরীক্ষা পাট-১, ২০১৯ এর বিজ্ঞপ্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ এর ক্রমিক নং: ২৮ এ উল্লিখিত “জুনিয়র হিসাবরক্ষক” পদে বিভাগীয় কোটায় পদোন্নতি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এই পরীক্ষা অত্র দপ্তরের স্মারক নং-১৪.৩১.০০০০.০২৯.১১.০০৮.১৬, তারিখ ২৪-০৩-২০১৯ খ্রিঃ মারফত জারিকৃত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৩। বিভিন্ন সার্কেল হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী জুনিয়র হিসাবরক্ষক পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের কোটায় প্রাপ্য শূন্য পদের সংখ্যা পরবর্তীতে জানানো হবে।

৪। বাংলাদেশ পোস্ট অফিস (গেজেটেড ও নন গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৫ অনুযায়ী পদোন্নতির ক্ষেত্রে নিয়োগ যোগ্যতা:

(ক) ২০% পদ পিও একাউন্ট্যান্ট পদের জন্য সংরক্ষিত; তবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে তৃতীয় শ্রেণির কর্মচারীগণের মধ্য হতে পদোন্নতির মাধ্যমে; এবং

(খ) ৩০% পদ তৃতীয় শ্রেণির কর্মচারীগণের জন্য সংরক্ষিত;

(গ) দফা (ক) এবং (খ) এ বর্ণিত সকল পদে অনূন ৫ (পাঁচ) বছরের চাকরি ও পিএন্ডটি একাউন্ট্যান্টস সার্ভিস (পিও) অংশ-১ পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৫। লিখিত পরীক্ষা ঢাকায় অনুষ্ঠিত হবে।

৬। সার্কেল প্রধানগণ উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মচারীদের নিকট হতে “মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা” বরাবর আবেদনপত্র আহবান করবেন এবং প্রাথমিক বাছাই সম্পন্ন করবেন। প্রাথমিক বাছাই সম্পাদনের সময় নিম্নলিখিত বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখতে হবেঃ

(ক) উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক যোগ্য প্রার্থীদের ফিডার পদে নিয়মিত হিসাবে অবিচ্ছিন্নভাবে ৫ (পাঁচ) বৎসর চাকরিকাল থাকতে হবে।

(খ) সরকারী ক্ষয়ক্ষতি/জালিয়াতি মামলায় কোন কর্মচারী প্রত্যক্ষ/পরোক্ষভাবে জড়িত থাকার দায়ে অভিযোগ নামা জারি করা হয়েছে কিংবা বিষয়টি তদন্তাধীন আছে এরূপ কর্মচারীদের আবেদনপত্র প্রেরণ করার প্রয়োজন নেই।

(গ) যে সব কর্মচারী বিগত ৫ (পাঁচ) বৎসরের মধ্যে তিরস্কার ব্যতীত অন্য কোন দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদনপত্র প্রেরণ করার প্রয়োজন নেই।

৭। প্রাথমিক বাছাই সম্পন্ন করে প্রার্থীদের একটি তালিকা, হালনাগাদ বার্ষিক গোপনীয় অনুবেদন নথি, সার্ভিস বই, নিয়োগের জন্য উপযুক্ততা সম্পর্কিত ইউনিট প্রধানের একটি বিশেষ প্রতিবেদনসহ আবেদন পত্র (সংযুক্ত) ১৫.০৯.২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অত্র অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৮। আবেদনকারীগণকে আবেদনের সাথে ১০০/- (একশত) টাকার পোস্টাল অর্ডার “পরিচালক (কর্মী ও সংস্থাপন), ডাক অধিদপ্তর, ঢাকা” এর অনুকূলে প্রেরণ করতে হবে।

৯। পরীক্ষার স্থান ও সময়সূচী পরবর্তীতে জানানো হবে।

১০। সংযুক্ত ছক অনুযায়ী তথ্য প্রেরণ করতে হবে।

স্বাক্ষরিত

(এস এম শাহাব উদ্দীন)

পরিচালক (কর্মী ও সংস্থাপন)

ফোনঃ ৯৫৫৮০৪০।

নথি নং- ১৪.৩১.০০০০.২১১.০২৪.০৬.১৪-৩৫৯

তারিখঃ ১৬.০৪.১৪২৬ বৎ/ ৩১.০৭.২০১৯ খ্রিঃ।

অনুলিপি:

✓ প্রোগ্রামার, সেন্ট্রাল আইসিটি সেল, ডাক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

২। অফিস কপি।

(সঞ্চিতা রানী সরকার)

শাখা কর্মকর্তা (স্টাফ-১)

ফোন-৯৫৬৮৭০৭।